

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮০.২২- ২৮৭

তারিখ : ০৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.

### অফিস আদেশ

যেহেতু, জনাব মোছা: নাজনীন ফেরদৌসী, প্রধান শিক্ষক, সিচনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শাস্তিগঞ্জ, সুনামগঞ্জ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৪১.০৮.০৪৭. ১৯/১০৬(৩২), তারিখ: ২৪ এপ্রিল ২০১৯ মূলে ২৫ দিনের বাহি: বাংলাদেশ ছুটির অনুমতিপ্রাপ্ত হয়ে বিগত ০১-০৫-২০১৯ তারিখ থেকে ছুটি ভোগের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রে গমন করেন; এবং

যেহেতু, নির্ধারিত ছুটি শেষে দেশে প্রত্যাবর্তন করে বিগত ২৬.০৫.২০১৯ তারিখে কর্মসূলে যোগদানের বাধ্যবাধকতা থাকলেও তিনি যোগদান করেননি; এবং

যেহেতু, উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ এর স্মারক নং ৪৮৮, তারিখ: ১৩.১১.২০১৯ মূলে তার স্থায়ী ঠিকানায় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করলে তিনি কোন জবাব দাখিল করেননি; উপরন্তু ডাক বিভাগ থেকে “প্রাপক বিদেশে চলে যাওয়াতে ফেরত দেওয়া গেল” মন্তব্যসহ পত্রটি ফেরত আসে; এবং

যেহেতু, তিনি অনুমতিসহ দেশ ত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০(ষাট) দিনের তদুর্ধি সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করেছেন; যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(চ) অনুযায়ী “পলায়ন” (Desertion) এর পর্যায়ভুক্ত অপরাধ; এবং

যেহেতু, তার এহেন বিধিবহুতভাবে অনুপস্থিতির বিষয়ে অত্রাফিসের স্মারক নং ১৪০৯, তারিখ: ২২.০৯.২০২২ মূলে বিভাগীয় মামলা বুজু করা হয় এবং ১০ কার্যদিবসের মধ্যে বিভাগীয় মামলার জবাব দাখিলের জন্য পত্র দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব পাওয়া যায়নি; এবং

যেহেতু, তার বিবুকে বর্ণিত অভিযোগ সম্পর্কে সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৭(৩) ও (৪) বিধি অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করে বিভাগীয় তদন্ত করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ৩০.১১.২০২২ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে বর্ণিত শিক্ষকের অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিবুকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী চাকুরী থেকে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ত আরোপের সিদ্ধান্ত গ্রহণক্রমে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়; এবং

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন, কিন্তু তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

সেহেতু, জনাব মোছা: নাজনীন ফেরদৌসী, প্রধান শিক্ষক, সিচনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শাস্তিগঞ্জ, সুনামগঞ্জ এর বিবুকে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) মোতাবেক অননুমোদিতভাবে তার কর্মসূলে অনুপস্থিতির তারিখ ২৬.০৫.২০১৯ থেকে “চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)” গুরুদন্ত প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মো: জালাল আলী  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।  
৫০২৯৬৬৩৪০৮৫  
ই-মেইল : [ddsylhe@gmail.com](mailto:ddsylhe@gmail.com)

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮০.২২- ১৬৭(৮)

তারিখ : ৫ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
সদয় দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ - তিনি আদেশটি শিক্ষকের নিকট পৌছানো নিশ্চিত করবেন এবং প্রমাণক সংরক্ষণ করবেন।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ৫। প্রধান শিক্ষক, সিচনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ৬। কম্পিউটার অপারেটর, অত্র অফিস - তাকে আদেশটি অত্র দণ্ডরের ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হলো।
- ৭। জনাব মোছা: নাজনীন ফেরদৌসী, প্রধান শিক্ষক (চাকুরী হতে বরখাস্তকৃত), সিচনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ৮। জনাব মোছা: নাজনীন ফেরদৌসী, গ্রাম: উজানীগাঁও, ডাক: উজানীগাঁও, উপজেলা : শান্তিগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।
- ৯। সংরক্ষণ নথি।

মো: জালাল উদ্দিন  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।

১৫.০২.২০২৩